# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

১) ভারত পর্যাপ্ত খাদ্য-সামগ্রী থাকা দেশ হিসেবে পরিগণিত হয়েছে এবং দেশ বিশ্ব খাদ্য সুরক্ষা তথা পুষ্টিকর খাদ্য সামগ্রী সরবরাহ করার ক্ষেত্রে যেসব সমস্যা রয়েছে তার সমাধান সূত্র বের করতেও সক্ষম হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং টাটা সন্সের প্রধান নটরাজন চন্দ্র শেখরণের উপস্থিতিতে আজ জাগিরোডে সেমি কন্ডাক্টর প্রকল্পের ভূমি পূজা সম্পন্ন ।

৩) হর-ঘর ত্রিরঙ্গা অভিযানের অধীনে জনসাধারণকে বাসগৃহে ত্রিরঙ্গা পতাকা উত্তলন করতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর আহ্বান ।

এবং

৪) রাজ্যে ড্রপ আউট ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় শিক্ষামন্ত্রীর উদ্বেগ প্রকাশ ।

-------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত পর্যাপ্ত খাদ্য-সামগ্রী থাকা দেশ হিসেবে পরিগণিত হওয়া সহ এবং দেশ বিশ্ব খাদ্য সুরক্ষা তথা পুষ্টিকর খাদ্য সামগ্রী সরবরাহ করার ক্ষেত্রে যেসব সমস্যা রয়েছে তার সমাধান সূত্র বের করতেও সক্ষম হয়েছে । তিনি বলেন যে বহু সংস্কার সাধনের মাধ্যমে সরকার কৃষিক্ষেত্রকে সবল করে তোলার মাধ্যমে কৃষকদের জীবন ধারণের মান উন্নত করার একটি বাস্তবিক লক্ষ্য নির্ধারণ করতো সক্ষম হয়েছে । নতুন দিল্লীতে অনুষ্ঠিত ৩২তম আর্ন্তজাতিক কৃষি অর্থনীতিবিদ

সমারোহে ভাষণ দিয়ে প্রধানমন্ত্রী এই মন্তব্য করেন । কৃষিক্ষেত্রকে সরকারের অর্থনীতির মূল ভীত বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে ভারত মিলেট , দুধ , ডাল এবং বিভিন্ন ধরণের মশলার বিশ্বের অন্যতম সর্ববৃহৎ উৎপাদনকারী দেশ ।

প্রধানমন্ত্রী বলেন যে ভারত রাসায়নিক দ্রব্য মুক্ত প্রকৃতিক কৃষিজাত উৎপাদনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে । সাম্প্রতিক কেন্দ্রীয় বাজেটে বহণক্ষম কৃষিজাত উৎপাদনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে সরকার গত ১০ বছরে পরিবেশ অনুকূল ১ হাজার ৯শো প্রজাতির বিভিন্ন শষ্য উৎপাদনের ওপর কৃষকদের উৎসাহিত করে আসছে । তিনি বলেন যে ভারত কৃষি ক্ষেত্রে ডিজিট্যাল পদ্ধতি ব্যবহার করে আসছে এবং প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির অধীনে দেশের ১শো কোটি কৃষককে ব্যাঙ্ক কাউন্টে সরাসরি আর্থিক সহায়তা হস্তান্তর করা হয়েছে । প্রধানমন্ত্রী শ্রী মোদী ভারতের কৃষি গবেষণা এবং শিক্ষার ক্ষেত্রে গৃহিত বলিষ্ঠ পদক্ষেপের কথাও উল্লেখ করেন । তিনি বলেন যে দেশে বর্তমানে কৃষি শিক্ষার জন্য ৫শোর অধিক কৃষি মহাবিদ্যালয় এবং ৭শোর অধিক কৃষি বিজ্ঞান কেন্দ্র রয়েছে । এই শিক্ষা প্রতিষ্ঠান গুলির মাধ্যমে কৃষকদের নতুন প্রযুক্তি সম্পর্কে তথ্যের আদান প্রদান করা হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন । শ্রী মোদী বলেন যে বিগত ১০ বছরে ৯০ লক্ষ হেক্টর কৃষি জমিকে ক্ষুদ্র জলসেচের অধীনে নিয়ে আসা হয়েছে । কৃষি জমিকে ডিজিট্যালাইজেশন করার ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন যে এর মাধ্যমে কৃষকদের তাদের জমির বিপরীতে একটি করে অনন্য ডিজিট্যাল পরিচয় চিহ্ন প্রদান করা হবে এবং একই সঙ্গে কৃষিকাজে ড্রোণ ব্যবহারকে আরো বেশী উৎসাহিত করতে ড্রোন দিদিদের প্রশিক্ষণ প্রদান করা হবে । শ্রী মোদী দৃঢ়তার সঙ্গে বলেন যে সরকারের এই ব্যবস্থাগুলির মাধ্যমে শুধুমাত্র ভারতের কৃষকরাই উপকৃত হবেন না বিশ্ব খাদ্য সুরক্ষা ব্যবস্থাও শক্তিশালী হয়ে ওঠবে ।

আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে এই আর্ন্তজাতিক সমারোহে প্রায় ৭৫টি দেশের ১ হাজার প্রতিনিধি অংশ গ্রহণ করেছেন । এবারের এই সমারোহের মূল বিষয়বস্তু হচ্ছে বহণক্ষম কৃষি খাদ্য ব্যবস্থার রূপান্তরকরণ ।

আজকের এই সমারোহে অংশ গ্রহণ করে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহাণ বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতের কৃষি বিকাশের হার সর্বোচ্চ স্তরে পৌছেছে । শ্রী চৌহাণ কৃষিকাজে অত্যাধিক রাসায়নিক সার প্রয়োগের ক্ষতিকারক দিক গুলির ওপর আলোকপাত করে বলেন যে মাত্রাতিরিক্ত রাসায়নিক সার প্রয়োগের ফলে জমির উর্বরতা হ্রাস পাচ্ছে ফলে ভারত প্রাকৃতিক উপায়ে কৃষি উৎপাদনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছে ।

--------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং টাটা সন্সের প্রধান নটরাজন চন্দ্রশেখরণের উপস্থিতিতে আজ জাগিরোডের আসামের প্রথম সেমি কন্ডাক্টর প্রকল্পের ভূমিপূজা সম্পন্ন হয় । আসামকে বিশ্বের অর্ধপরিবাহী শিল্প প্রতিষ্ঠানের ভিত হিসেবে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে এই পদক্ষেপ বিশেষ ভূমিকা গ্রহণ করবে বলে আশা করা হচ্ছে । আজ জাগিরোডে আয়োজিত এই ভূমি পূজা অনুষ্ঠানে উপস্থিত হয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজকের দিনটিকে আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের জন্য প্রযুক্তিগত বিকাশের পথে একটি উল্লেখযোগ্য দিন বলে অবিহিত করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে টাটা গ্রুপের শুরু করা এই প্রকল্প আসামবাসীর জন্য তাৎপর্যপূর্ণ একটি অন্যতম পদক্ষেপ বলে অবিহিত করে ডক্টর শর্মা বলেন যে টাটা গ্রুপ এই অঞ্চলের চা-শিল্প সহ চিকিৎসা ক্ষেত্রে উন্নয়নে বিশেষ ভূমিকা গ্রহণ করেছে । রাজ্যের উগ্রপন্থী সমস্যা প্রতিহত করার ক্ষেত্রে সরকারের সফলতার পরিপ্রেক্ষিতে সরকার টাটা গ্রুপকে আসামে বিনিয়োগ করার আহ্বান জানিয়েছিল বলে ডক্টর শর্মা তার ভাষণে উল্লেখ করেন । উল্লেখ্য যে এই প্রকল্পটিতে ইতিমধ্যেই আসামের ১ হাজার যুবক-যুবতীকে প্রশিক্ষণ দিয়ে নিযুক্তি প্রদান করা হয়েছে । অনুষ্ঠানে অংশ নিয়ে টাটা সন্সের প্রধান নটরাজন চন্দ্রশেখরণ বলেন যে জাগিরোডে স্থাপন করা দেশের প্রথম সেমি কন্ডাক্টর প্রকল্পে বৈদ্যুতিক গাড়ী , মোবাইল ফোন এবং চিকিৎসার বিভিন্ন সামগ্রীর জন্য প্রয়োজনীয় ৪৮ হাজার মিলিয়ন চিপ্স উৎপাদন করা হবে । আজকের অনুষ্ঠানে রাজ্যের বিমল বরা , পীযুষ হাজরিকা , নন্দিতা গার্লোসা , যোগেন মোহণ এবং মুখ্য সচিব ডক্টর রবি কোটা প্রমুখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামী ৯ ই আগষ্ট থেকে ১৫ ই আগষ্ট পর্যন্ত হর ঘর তিরংগা অভিযানের অংশ হিসেবে দেশের জনসাধারণকে নিজেদের বাসগৃহে ত্রিরংগা পতাকা উত্তোলন করতে আহ্বান জানিয়েছেন । ।প্রতি ভারতবাসীর জন্য গর্ব ও স্বাভিমানের প্রতীক জাতীয় পতাকা উত্তোলন করার পর সেলফি তুলে হর ঘর তিরংগা ওয়েবসাইটে আপলোড করতে মন্ত্রী আহ্বান জানান ।তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এই অভিযান গত দুবছর থেকে জাতীয় আন্দোলন হিসেবে গড়ে উঠেছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যে ড্রপ-আউট ছাত্রীর সংখ্যা বৃদ্ধির বিষয় নিয়ে শিক্ষা মন্ত্রী ডাঁ রণোজ পেগু উদ্বেগ প্রকাশ করেছেন ।শিক্ষা মন্ত্রী আজ বরপেটায় এই বিষয় নিয়ে এক বিভাগীয় পর্যালোচনা

সভায় মিলিত হন ।সভায় মন্ত্রী ডাঃ পেগু বলেন যে রাজ্যের শিক্ষা বিভাগ ইউনিসেফের কাছ থেকেও এধরণের তথ্য লাভ করেছে ।এই তথ্য অনুযায়ী সংখ্যালঘু বসতি প্রধান অঞ্চল , চর এলাকা , জনজাতীয় অঞ্চল এবং চাবাগান অঞ্চলে মাঝপথে শিক্ষা ত্যাগ করা ছাত্রীর সংখ্যা অধিক বলে জানা গেছে ।উল্লেখ্য বরপেটা জেলায় বেশ কয়েকটি চর এলাকা রয়েছে এবং এই ঐলাকাগুলোতে ড্রপাউট ছাত্রীর সংখ্যা বেশী বলে মন্ত্রী জানান ।এদিকে গুয়াহাটী বিশ্ববিদ্যালয়ের অধীন স্নাতক প্রথম সেমিষ্টারের পরীক্ষার ফলাফল বিগত সাত মাসেও ঘোষণা না হওয়ার বিষয়ে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন যে গুয়াহাটী বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা নিয়ে দীর্ঘদিন যাবৎ সমস্যা অব্যাহত রয়েছে ।এই সমস্যা সমাধানের জন্য রাজ্য সরকার সহযোগিতা প্রদান করছে বলে তিনি মন্তব্য করেন ।

--------------------------------------------------------------------------------

প্যারিস অলিম্পিকে ভারতীয় বক্সার নিশান্ত দেব আজ রাতে পুরুষদের ৭১ কিলোগ্রাম শাখায় মেক্সিকোর প্রতিদ্বন্দির বিরুদ্ধে কোয়ার্টার ফাইনালে অবতীর্ণ হবে । আজ রাত ভারতীয় সময় ১২ টা ১৮ মিনিটে এই খেলাটি আরম্ভ হবে ।এদিকে আর্চারীতে ভারতের দীপিকা কুমারী মহিলাদের ব্যক্তিগত শাখার কোয়ার্টার ফাইনালে পরিজিত হয়েছে ।শ্যুটিংয়ে ইতিমধ্যে দুটি ব্রোঞ্জ পদক বিজয়ী মনু ভাকর তৃতীয় পদকের জন্য আজ মহিলাদের ২৫ মিটার পিস্তল শাখার ফাইনালে চতুর্থ স্থান লাভ করেছে ।

--------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সংগে সংগতি রেখে করিমগঞ্জ জেলায় ও প্রতিবছরের ন্যায় এবছর ও আসামের প্রথম মুখ্যমন্ত্রী ভারতরত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর মৃতু বার্ষিকী ৫ ই আগষ্ট লোক কল্যাণ দিবস হিসেবে পালন করা হবে । লোক কল্যাণ দিবসের এই অনুষ্ঠান আগামী সোমবার সকাল ১১ টায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে ।অনুষ্ঠানে রাজ্যের জলসম্পদ মন্ত্রী তথা করিমগঞ্জ জেলার অভিবাবক মন্ত্রী পীযুষ হাজারিকা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

--------------------------------------------------------------------------------করিমগঞ্জ

কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে সম্প্রতি মাইজগ্রাম ও গামারিয়া গ্রামে কৃষি ও মানব স্বাস্থের উপর পার্থেনিয়াম আগাছার ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।মাইজগ্রামে অনুষ্ঠিত সচেতনতা কার্যসূচীতে কৃষি বিজ্ঞান কেন্দ্রের মুখ্য বিজ্ঞানী ও প্রধান ড: পি চৌধুরী , ডা: জয়শিখ সনোয়াল , ডা: পূরবী টি ফুকন প্রমুখ অংশ গ্রহণ করেন ।অনুষ্ঠানে পার্থেনিয়াম শনাক্তকরণ , কৃষিতে প্রভাব , স্বাস্থ্য ঝুকি এবং ব্যাক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম এবং ভেষজনাশক প্রয়োগ এবং এর

অপসারনের মতো কার্যকর ব্যবস্থাপনা কৌশলগুলি নিয়ে আলোচনা করা হয় ।গামারিয়া গ্রামে ডা: দেবজিৎ দেকারি ড: সনোয়াল পার্থেনিয়ামের বিস্তার নিয়ন্ত্রনের জন্য সমন্বিত কীটপতংগ ব্যবস্থাপনার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন ।দুটি অনুষ্ঠানেই সফলভাবে পার্থেনিয়ামের অপকারিতা সম্পর্কে কৃষকদের বোঝানো হয় এবং ব্যবহারিক সরঞ্জাম দিয়ে আগাছা ব্যবস্থাপনা করার পদ্ধতি জানানো হয় ।

-----------------------------------------------------------------------------

লায়ন্স চক্ষু হাসপাতালের উদ্যোগে ডায়বেটিস ও হৃদরোগের চিকিৎসা শিবির আগামী ১১ ই আগষ্ট রবিবার অনুষ্ঠিত হবে ।আগে এই শিবির আগামীকাল অনুষ্ঠিত হবার কথা ছিল ।শিবিরে ডায়বেটিস বিশেষজ্ঞ ডা: জয়ন্ত ভট্টাচার্য ও হৃদরোগ বিশেষজ্ঞ ডা: তীর্থংকর রায় রোগীদের চিকিৎসা করে উপযুক্ত পরামর্শ প্রদান করবেন । ইচ্ছুক রোগীদের সকাল ১০ টার মধ্যে নাম নথিভুক্ত করতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------------